কোকেন সেবনের পর লন্ডনের রাস্তায় অচেতন আমিরাতের রাজবধূ



ছবি: সংগৃহীত

লন্ডনের রাস্তায় অচেতন অবস্থায় পড়ে থাকা এবং একটি শিশুকে অরক্ষিত অবস্থায় রাখার ঘটনায় শিশুর প্রতি অবহেলার দায় স্বীকার করেছেন সংযুক্ত আরব আমিরাতের রাজপরিবারের সদস্য মাহরা আল নাহিয়ান। ৩২ বছর বয়সী মাহরার বিরুদ্ধে যুক্তরাজ্যের সাউথওয়ার্ক ক্রাউন কোর্টে এ মামলা করা হয়।

দ্য টাইমসের প্রতিবেদন অনুযায়ী, গত ১৩ জুন পশ্চিম লন্ডনের একটি সড়কে অচেতন অবস্থায় মাহরাকে পড়ে থাকতে দেখেন পথচারীরা। এ সময় তার তত্ত্বাবধানে থাকা একটি শিশু খালি পায়ে স্কুটার নিয়ে রাস্তার পাশে খেলছিল। শিশুটি চলন্ত গাড়ির কাছাকাছি থাকায় পথচারীরা এগিয়ে এসে পুলিশ না আসা পর্যন্ত তার দেখাশোনা করেন।

আদালতে শুনানিতে বলা হয়, জ্ঞান ফেরার পর মাহরা পথচারীদের উদ্বেগ নিয়ে প্রশ্ন তোলেন। তবে তল্লাশির সময় তার কাছে মাদক সেবনের সরঞ্জাম পাওয়া গেলেও কোনো অবৈধ মাদক উদ্ধার হয়নি।

মাহরার আইনজীবী স্টিফেন ভুলো আদালতকে জানান, ঘটনার দিন তিনি মাদক সেবন করেননি। তবে এর আগের কয়েক দিন কোকেন সেবনের কারণে তিনি অত্যন্ত ক্লান্ত ছিলেন। আসক্তি থেকে বেরিয়ে আসার বিষয়ে মাহরার অনুশোচনা ও দৃঢ় সংকল্প রয়েছে বলেও জানান তার আইনজীবী।

রায় ঘোষণার সময় বিচারক জনসন বলেন, পথচারীরা এগিয়ে না এলে শিশুটি গুরুতর আহত হওয়া বা আরও ভয়াবহ পরিস্থিতির শিকার হতে পারত।

আদালত মাহরাকে দুই বছরের কমিউনিটি অর্ডার দিয়েছেন। এ সময় তাকে পুনর্বাসন কর্মসূচিতে অংশ নিতে হবে। পাশাপাশি ৬ হাজার ১১৪ পাউন্ড জরিমানাও করা হয়েছে। প্রতিবেদন অনুযায়ী, আবুধাবির রাজপরিবারের এই সদস্য মাসে ৮ হাজার পাউন্ড ভাতা পান। বর্তমানে তিনি ইংল্যান্ডের সারেতে মাদকাসক্তির চিকিৎসা নিচ্ছেন।